

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯২৪

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (کتاب الخراج والإمارة والفیء) পরিচ্ছেদঃ ১৪৩. আরাফা (সমাজপতি) প্রসঙ্গে।

باب فِي الْعِرَافَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا بِشِرُ بْنُ الْمُفَضَّلِ، حَدَّثَنَا غَالِبٌ الْقَطَّانُ، عَنْ رَجُل، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّهُمْ كَانُوا عَلَى مَنْهَلِ مِنَ الْمَنَاهِلِ فَلَمَّا بَلَغَهُمُ الْإِسْلَامُ جَعَلَ صَاحِبُ الْمَاءِ لِقَوْمِهِ مِائَةٌ مِنَ الْإِبِلِ عَلَى أَنْ يُسْلِمُوا فَأَسْلَمُوا وَقَسَمَ الإِبلَ بَيْنَهُمْ وَبَدَا لَهُ أَنْ يَرْتَجِعَهَا مِنْهُمْ فَقُلْ لَهُ إِنَّ أَبِي يُقْرِئُكَ السَّلَامَ وَإِنَّهُ جَعَلَ لِقَوْمِهِ مِائَةً مِنَ الْإِبلِ عَلَى أَنْ يُسْلِمُوا فَأَسْلَمُوا فَقُلْ لَهُ إِنَّ أَبِي يُقْرِئُكَ السَّلَامَ وَإِنَّهُ جَعَلَ لِقَوْمِهِ مِائَةً مِنَ الْإِبلِ عَلَى أَنْ يُسْلِمُوا فَأَسْلَمُوا فَقُلْ لَهُ إِنَّ أَبِي يُقْرِئُكَ السَّلَامَ وَإِنَّهُ جَعَلَ لِقَوْمِهِ مِائَةً مِنَ الْإِبلِ عَلَى أَنْ يُسْلِمُوا فَأَسْلَمُوا فَقُلْلُ لَهُ إِنَّ أَبِي شَيْخٌ كَبِيرٌ وَهُوَ عَرِيفُ الْمَاءِ وَإِنَّهُ يَسْأَلُكَ أَنْ تَجْعَلَ لِيَ الْعِرَافَةَ بَعْدَهُ . فَأَتَاهُ فَقَالَ إِنَّ أَبِي شَيْخٌ كَبِيرٌ وَهُو عَرِيفُ الْمَاءِ وَإِنَّهُ يَسْأَلُكَ أَنْ تَجْعَلَ لِيَ الْعِرَافَةَ بَعْدَهُ . فَأَتَاهُ وَقُلَلَ إِنَّ أَبِي عُنَيْ مُنَ الْإِبلِ عَلَى أَنْ يُسْلِمُوا فَأَسُلُمُوا وَحَسُنَ إِسْلَامُهُمْ ثُمَّ بَدَا لَهُ أَنْ يُرْتَجِعَهَا فَهُو أَحَقُ بِهَا أَمْ هُمْ فَقَالَ " إِنْ بَدَا لَهُ أَنْ يُسْلِمُها لَهُمْ فَلْيُسْلِمُهَا وَإِنْ بَدَا لَهُ أَنْ يُسْلِمُوا فَلَوْلُ إِنْ لَمْ يُسْلِمُوا قُوتِلُوا عَلَى يَشْفُلُ لَكُ أَنْ يُسْلِمُوا فَلُولُ إِنْ لَمْ يُسْلِمُوا قُوتِلُوا عَلَى الْعِرَافَة مِو مَائِكُ أَنْ لَمُ يُسْلِمُوا عَوْلَا لَهُ أَنْ الْعُرَفَاءَ فِي النَّارِ " . فَقَالَ " إِنَّ الْعُرَافَة حَقٌ وَلَا لَكُ أَنْ الْعُرَافَة وَالَكِنَّ الْعُرَفَاءَ فِي النَّارِ " .

বাংলা

২৯২৪. মুসাদ্দাদ (রহঃ) গালিব কান্তান (রাঃ) জনৈক ব্যক্তি হতে বর্ণনা করেছেন। যিনি তাঁর পিতা হতে এবং তাঁর দাদা হতে বর্ণনা করেছেন যে, তারা একটি ঝর্ণার নিকট বসবাস করত। যখন তারা দীন-ইসলাম সম্পর্কে জানতে পারে, তখন ঝর্ণার মালিক তার অধীনস্থ লোকদের এ শর্তে একশটি উট দিতে চায় যে, তারা ইসলাম কবুল করবে। তখন তারা ইসলাম কবুল করলে তাদের মাঝে একশটি উট বন্টন করে দেন। কিন্তু পরবর্তীকালে



তিনি তাদের থেকে সেগুলো ফেরত নেওয়ার খেয়াল করেন এবং স্বীয় পুত্রকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট প্রেরণ করেন।

তিনি তাঁর পুত্রকে এ মর্মে নির্দেশ দেন যে, সে যেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হাযির হয়ে তাকে বলেঃ আমার পিতা আপনাকে সালাম জানিয়েছেন, আর তিনি তাঁর কওমের লোকদের মাঝে এ উদ্দেশ্যে একশটি উট বিতরণ করতে চান, যাতে তারা ইসলাম কবুল করে। অতঃপর তারা ইসলাম কবুল করেছে এবং তিনিও তাদের মাঝে শত উট বিতরণ করেছেন। এখন তাদের থেকে সেগুলি ফেরত নেওয়ার ইচ্ছা করছেন। তাই তিনি কি এগুলির অধিক হকদার, না ঐ ব্যক্তিরা?

তখন তিনি বললেনঃ যদি তিনি সেগুলো তাদের দিয়ে দিতে চান, তবে তিনি দিতে পারেন। আর যদি তিনি সেগুলো ফিরত নিতে চান তাহলেও এ ব্যাপারে তিনি অধিক হকদার। আর তারা যদি সত্য-সত্যই মুসলিম হয়ে থাকে, তবে তারা এর বিনিময় (আল্লাহ্র নিকট) পাবে। আর যদি তারা সত্যিকারভাবে মুসলিম না হয়ে থাকে, তবে তাদেরকে ইসলামের জন্য কতল করা হবে।

অতঃপর সে (ছেলে) বলেঃ আমার পিতা একজন অতি বৃদ্ধ লোক, আর তিনি পানির আরীফও। তিনি আপনার নিকট এরূপ দরখাস্ত করেছেন যে, আপনি আমাকে তার পরে ঐ পানির আরীফ নিয়োগ করবেন। তখন তিনি বলেনঃ নিশ্চয় ইরাফা (প্রতিনিধিত্ব) খুবই জরুরী বিষয়। আর লোকজনের উপকারার্থেই তাদের নির্বাচিত প্রতিনিধি প্রয়োজন। কিন্তু প্রতিনিধিত্বকারী নেতারাই জাহান্নামে যাবে।

English

Narrated Ghalib al-Qattan:

Ghalib quoted a man who stated on the authority of his father that his grandfather reported: They lived at one of the springs. When Islam reached them, the master of the spring offered his people one hundred camels if they embraced Islam. So they embraced Islam, and he distributed the camels among them. But it occurred to him that he should take the camels back from them.

He sent his son to the Prophet (ﷺ) and said to him: Go to the Prophet (ﷺ) and tell him: My father extends his greetings to you. He asked his people to give them one hundred camels if they embraced Islam, and they embraced Islam. He divided the camels among them. But it occurred to him then that he should withdraw his camels from them. Is he more entitled to them or we? If he says: Yes or no, then tell him: My father is an old man, and he is the chief of the people living at the water. He has requested you to make me chief after him.



He came to him and said: My father has extended his greetings to you. He replied: On you and you father be peace. He said: My father asked his people to give them one hundred camels if they embraced Islam. So they embraced Islam, and their belief in Islam is good. Then it occurred to him that he should take his camels back from them. Is he more entitled to them or are they?

He said: If he likes to give them the camels, he may give them; and if he likes to take them back, he is more entitled to them than his people. If they embraced Islam, then for them is their Islam. If they do not embrace Islam, they will be fought against in the cause of Islam.

He said: My father is an old man; he is the chief of the people living at the spring. He has asked you to appoint me chief after him.

He replied: The office of a chief is necessary, for people must have chiefs, but the chiefs will go to Hell.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন